

১২। আইন প্রবর্তনের সময়ে মজুদ বাবদ উপকরণ কর রেয়াত।— কোন নিবন্ধিত ব্যক্তির নিকট এই আইন প্রবর্তনের তারিখে উক্ত তারিখের পূর্বে তৎকর্তৃক ক্রীত Excises and Salt Act, 1944 (I of 1944) এর অধীনে আবগারী শুল্ক আরোপযোগ্য এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর অধীনে বিক্রয় কর আরোপযোগ্য উপকরণের অথবা এই আইন প্রবর্তনের পরবর্তী কোন সময়ে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতায় অন্তর্ভুক্ত কোন পণ্য প্রস্তুতে বা উৎপাদনে ব্যবহৃতব্য মূল্য সংযোজন কর প্রদত্ত উপকরণের মজুদ থাকিলে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তার অনুমোদনক্রমে বিধি দ্বারা নির্ধারিত কোন মেয়াদে ক্রীত উক্তরূপ উপকরণ বাবদ বিধিতে উল্লিখিত হারে ও পদ্ধতিতে প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।